

চেয়ারম্যান



জনাব মোহাম্মদ সেলিম উদ্দিন, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অতিরিক্ত সচিব হিসেবে কর্মরত আছেন। তিনি ১৯৯৪ সালের ২৫ এপ্রিল নওগা জেলায় সহকারী কমিশনার ও ম্যাজিস্ট্রেট হিসেবে কর্মজীবন শুরু করেন। পরবর্তীতে তিনি চাদপুর, বান্দরবান পার্বত্য জেলা ও বান্দরবান জেলা পরিষদে সহকারী/সিনিয়র সহকারী কমিশনার হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি কক্সবাজার জেলার রামু উপজেলায় “উপজেলা নির্বাহী অফিসার” ও ভোলা জেলায় “জেলা প্রশাসক” হিসেবে দায়িত্ব পালন করেন। এছাড়া মন্ত্রণালয় পর্যায়ে তিনি বিভিন্ন সময়ে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বিদ্যুৎ বিভাগ, বাণিজ্য মন্ত্রণালয় ও শিল্প মন্ত্রণালয়ে সিনিয়র সহকারী সচিব/ উপ সচিব/যুগ্মসচিব / অতিরিক্ত সচিব হিসেবে গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করেছেন। গত ২৬/০৯/২০২০ তারিখে তিনি সরকারের অতিরিক্ত সচিব হিসেবে পদোন্নতি প্রাপ্ত হয়ে শিল্প মন্ত্রণালয়ে যোগদান করেন। তিনি গত ২৪/০৬/২০২১ তারিখে বিদ্যুৎ বিভাগে অতিরিক্ত সচিব পদে যোগদান করেন। অতঃপর গত ০৬/০১/২০২২ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয় হতে তাঁকে প্রেষণে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের চেয়ারম্যান পদে বদলী করা হলে তিনি গত ১২/০১/২০২২ তারিখে বিদ্যুৎ বিভাগ হতে অবমুক্ত হন এবং গত ১৩ জানুয়ারি ২০২২ তারিখে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডে যোগদান করেছেন।

তিনি চট্টগ্রাম জেলার লোহাগাড়া উপজেলার লোহাগাড়া ইউনিয়নে এক সাধারণ মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় হতে অর্থনীতিতে ১৯৮৮ সালে স্নাতক ও ১৯৯০ সালে স্নাতকোত্তর ডিগ্রি অর্জন করেন। পরবর্তীতে তিনি ২০১৩ সালে ইংল্যান্ডের বার্মিংহাম বিশ্ববিদ্যালয় হতে “ ডেভেলপমেন্ট ম্যানেজমেন্ট” বিষয়ে এমএসসি ডিগ্রি অর্জন করেন। তিনি প্রশিক্ষণ ও সরকারী কর্মপোলক্ষে বিভিন্ন দায়িত্ব পালনের জন্য মার্কিন যুক্তরাষ্ট্র, ইংল্যান্ড, অস্ট্রেলিয়া, ফ্রান্স, তুরস্ক, জাপান, সিঙ্গাপুর, মালয়শিয়া, ভারত, সুইডেন, ফিনল্যান্ড, জার্মানি, সংযুক্ত আরব আমীরাত, থাইল্যান্ড, ফিলিপাইনসহ অন্যান্য দেশে সফর করেন। তিনি বিবাহিত ও দুই পুত্র সন্তানের জনক। উন্নয়ন অর্থনীতি, বিদ্যুৎ ও জ্বালানি বিষয়ে তার বিশেষ আগ্রহ রয়েছে।